

নকলে সহায়তার অভিযোগ বরিশালে প্রধান শিক্ষক চাকরিচ্যুত ৫ জনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

বরিশাল প্রতিনিধি : বরিশাল শিক্ষা বোর্ডের শুল্লা কমিটির এক সভায় চলতি বছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় নকলে সহায়তাসহ বিভিন্ন অপরাধে এক প্রধান শিক্ষককে চাকরিচ্যুত এবং কেন্দ্র সচিবসহ ৫ জনকে পরীক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি, দুটি কেন্দ্রর ডেন্যু পরিবর্তন, দুটি কেন্দ্রের কর্তৃপক্ষকে ইশিয়ারি এবং ৬ শিক্ষার্থীকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

শিক্ষা বোর্ডের একটি সূত্র জানিয়েছে, বোর্ড নিয়োজিত তদন্ত কর্মকর্তাদের দেওয়া প্রতিবেদন অনুযায়ী উল্লিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পটুয়াখালীর গলাচিপা কেন্দ্রের পরীক্ষার্থী ফেরদৌসি শারমিনের নৈব্যক্তিক পরীক্ষার উত্তরপত্র পরিদর্শনের অভিযোগ প্রমাণিত হওয়ায়

ওই কেন্দ্রের সহকারী কেন্দ্র সচিব, পশ্চিম তাফালাপাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মীর আজ জলিলকে চাকরিচ্যুত করা হয়েছে। বোর্ড কর্তৃপক্ষ এ ব্যাপারে ওই বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি এবং শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তরকে চিঠি দেবে।

এছাড়া ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা সংক্রান্ত ৪২ নম্বর আইন অনুযায়ী তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার সুপারিশও করা হবে।

শুল্লা কমিটির সভায় বিভিন্ন অপরাধে গলাচিপা কেন্দ্রের কেন্দ্র সচিব মোঃ শাহ আলমকে ৫ বছরের জন্য পরীক্ষা সংক্রান্ত দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়।

সহকারী সচিব রিপিসি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মোঃ মেজবাহ উদ্দিন মিলন, রুক্ষ পরিদর্শক রতনদী তালতলী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মোঃ জাকির হোসেন, সুহরী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মোঃ বশির আহমেদ এবং পানপাটি মাধ্যমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারী মোখলেছুর রহমানকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত শিক্ষা বোর্ড এবং পরীক্ষা সংক্রান্ত কোনো কাজে সম্পৃক্ত না করার সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় পটুয়াখালী জুবলী স্কুল এবং গলাচিপা মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রের ডেন্যু পরিবর্তনের সিদ্ধান্ত এবং পরীক্ষা কেন্দ্রে ব্যাপক অনিয়মের জন্য বরিশাল জেলায় সুলাদী ও কাকরাধা কেন্দ্রের কেন্দ্র সচিবকে কঠোরভাবে সতর্ক করে দেওয়া হয়।